সংবাদ

তারিখ ...২৪..১২.৮৩ ...
পৃষ্ঠা... .. ... ...কলাম... ... ...

086

## চারটি পৌর এলাকায় প্রাথমিক শিক্ষা প্রশাসন সরকার গঠিত কমিটির উপর ন্যস্ত

ঢাকা ও চট্টগ্রাম মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং খুলনা ও রাজশাহী পৌরসভায় প্রাথমিক শিক্ষার প্রশাসন এবং ব্যবস্থাপনার ক্ষমতা এবং কার্যক্রমের নিয়ন্ত্রণ সরকার গঠিত কমিটিসমূহের উপর ন্যস্ত করা হয়েছে।

এসব কমিটির প্রধান থাকবেন ঢাকা মিউনিসিপ্যাল কর্পোরেশনের জন্যে প্রাথমিক শিক্ষার মহাপরিচালক এবং চট্টগ্রাম মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং খুলনা ও রাজশাহী পৌরসভার জন্যে সেখানকার প্রাথমিক শিক্ষা অফিসারবৃন্দ। সরকারী সূত্রের উদ্ধৃতি দিয়ে বাসস জানিয়েছে, এতে প্রাথমিক শিক্ষা স্থানীয় স্ব-সরকার প্রতিষ্ঠানসমূহের নিয়ন্ত্রণমুক্ত হবে।

প্রাথমিক শিক্ষা এবং ব্যবস্থাপনা সংক্রান্ত বর্তমানের বিধির প্রয়োজনীয় সংশোধনী আনা হবে।